

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
(সংস্থা প্রশাসন শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.mofood.gov.bd)

২৮ পৌষ, ১৪২৪ ব.

নং-১৩.০০.০০০০.০২২.১৩.০০১.১৪-

তারিখ

১১ জানুয়ারি, ২০১৮ খ্রি.

প্রেরকঃ মোহাম্মদ হেলাল উদ্দিন
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
আক্কেলপুর, জয়পুরহাট।

বিষয়ঃ- জনাব মরহম শাহ আলম, প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আক্কেলপুর, জয়পুরহাট এর স্থগিতকৃত ২০% আনুতোষিক তার গ্রীর অনুকূলে মঞ্জুরি প্রসঙ্গে।

সূত্রঃ খাদ্য অধিদপ্তরের পত্র নং - ১৩.০১.০০০০.০৩৪.১৩.০০১.১৫- ১২৯৮ তারিখঃ ০৫/১২/২০১৭ খ্রি.

জনাব,

উপর্যুক্ত বিষয়ে সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মরহম শাহ আলম, প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আক্কেলপুর, জয়পুরহাট-এর স্ত্রীকে কে এ মন্ত্রণালয়ের ১২/০৫/২০১৬ খ্রিঃ তারিখের ২৮৭ নং স্মারকে মরহম কর্মকর্তার আনুতোষিকের ৮০% ও মাসিক পেনশনের মঞ্জুরি প্রদান করা হয়েছে। মরহম শাহ আলম এর দুটি কর্মস্থলের তথা উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, সাদুল্যাপুর, গাইবান্ধা এবং উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আক্কেলপুর, জয়পুরহাট এ কার্যকালের বাণিজ্যিক এবং অভ্যন্তরীণ নিরীক্ষা কাজ সম্পন্ন না হওয়ায় মন্ত্রণালয় হতে ৮০% আনুতোষিক মঞ্জুরি করা হয়। এছাড়া কাকিনা এলএসডি, লালমনিরহাট এ কার্যকালের ২টি অনির্দিষ্ট অডিট আপত্তির ৩২,১১৮/- টাকা ৮০% আনুতোষিক হতে স্থগিতের আদেশসহ অবশিষ্ট টাকা ও মাসিক নীট পেনশন মরহমের বিধবা স্ত্রী মোছা: জাকিয়া বেগম এর অনুকূলে মঞ্জুরি দেয়া হয়। সংশ্লিষ্ট পিপিও বইয়ে দেখা যায়, হিসাব রক্ষণ অফিস মরহমের ২০% আনুতোষিক স্থগিত রেখে অবশিষ্ট আনুতোষিক প্রদান করেছে। অডিট আপত্তির ৩২,১১৮/- (বত্রিশ হাজার একশত আঠার টাকা) টাকা স্থগিত রাখা হয়নি। উল্লেখ্য, বর্ণিত অনির্দিষ্ট ২টি আপত্তি ইতোমধ্যে নিষ্পত্তি হয়েছে। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তর, সাদুল্যাপুর, গাইবান্ধায় কার্যকালের বাণিজ্যিক নিরীক্ষা কাজ সম্পন্ন হয়েছে এবং তার নিকট সরকারি কোন পাওনা নাই মর্মে সংশোধিত দাবী/না-দাবী সনদ প্রদান করা হয়েছে। এছাড়া উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আক্কেলপুর, জয়পুরহাট এ কার্যকালের বাণিজ্যিক এবং অভ্যন্তরীণ নিরীক্ষা কাজ সম্পন্ন হয়েছে মর্মে দাবী/না-দাবী সনদ প্রদান করা হয়েছে। খাদ্য অধিদপ্তর হতে বর্ণিত কর্মকর্তার স্থগিতকৃত ২০% আনুতোষিক মরহমের বিধবা স্ত্রী মোছা: জাকিয়া বেগম এর অনুকূলে মঞ্জুরির সুপারিশ করা হয়েছে।

২। বর্ণিতাবস্থায়, মরহম শাহ আলম, প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আক্কেলপুর, জয়পুরহাট-এর বিরুদ্ধে ইতোপূর্বে উত্থাপিত কাকিনা এলএসডি, কালিগঞ্জ, লালমনিরহাট-এ কর্মকালের অনির্দিষ্ট নিরীক্ষা আপত্তি বাবদ ৩২,১১৮/- টাকা (বত্রিশ হাজার একশত আঠার টাকা) মরহমের স্থগিতকৃত ২০% আনুতোষিক হতে কর্তনপূর্বক অবশিষ্ট ৪,২২,৭০০/- (চার লক্ষ বাইশ হাজার সাতশত ত্রিশ টাকা) মরহমের বিধবা স্ত্রী জাকিয়া বেগমের অনুকূলে মঞ্জুরি নিম্নবর্ণিত শর্তাদি পালনে জ্ঞাপন করছি:

- ১। জীর নিকট ভবিষ্যতে সরকারের কোন পাওনা উত্থাপিত হলে তা তিনি বা জীর উত্তরাধিকারীগণ পরিশোধ করতে বাধ্য থাকবেন।
- ২। খাদ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত হিসাব বিবরণী অনুযায়ী তিনি যে পরিমাণ অবশিষ্ট আনুতোষিক প্রাপ্য বলে ধার্য করা হয়েছে, তা প্রদানের জন্য পেনশন ফরম ২.২ এর তৃতীয় অংশে মঞ্জুরকারী কর্তৃপক্ষ স্বাক্ষর প্রদান করেছেন।
- ৩। জনাব মরহম শাহ আলম, প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আক্কেলপুর, জয়পুরহাট এর প্রাপ্য অবশিষ্ট ২০% আনুতোষিক প্রদানের জন্য পিপিও বইঃ জারি করে খাদ্য মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।
- ৪। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হয়েছে।
- ৫। এ সংক্রান্ত নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করা হলোঃ

(ক)	নির্ধারিত পেনশন আবেদন ফরম ২.২	০১ (এক) কপি
(খ)	তিনটি না-দাবী প্রত্যয়ন পত্রের ছায়ািলিপি	০৪ (চার) ফর্দ
(গ)	ইতোপূর্বকার ৮০% আনুতোষিক ও পেনশনের পিপিওর ছায়ািলিপি	০১ (এক) কপি
(ঘ)	ইতোপূর্বকার ৮০% আনুতোষিক ও পেনশন মঞ্জুরী পত্রের ছায়ািলিপি	০১ (এক) কপি

সংযুক্ত- বর্ণনামতে।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ হেলাল উদ্দিন)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৪০১১২

sasestabadmin@mofood.gov.bd

২৮ পৌষ, ১৪২৪ ব.

তারিখ

১১ জানুয়ারি, ২০১৮ খ্রি.

নং-১৩.০০.০০০০.০২২.১৩.০০১.১৪-

২৬/১(২০)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
- ২-৩। পরিচালক, প্রশাসন/হিসাব ও অর্থ, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
- ৫। অঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী।
- ৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট।
- ৭। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রকাশের অনুরোধসহ)।
- ৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য)।
- ৯। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আক্কেলপুর, জয়পুরহাট।
- ১০। মোছা: জাকিয়া বেগম, মরহম শাহ আলম, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তর, আক্কেলপুর, জয়পুরহাট।

(মোহাম্মদ হেলাল উদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
২১.০১.১৮